

বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্চেঞ্জ কমিশন

মুখ্যপত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখ্যপত্র/০২/২০২৪/৯৩

তারিখ: ২৫ ফেব্রুয়ারি ১৪৩১ বঙ্গাব্দ

১০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণের সাথে কমিশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের অনুষ্ঠিত সভা প্রসঙ্গে।

অদ্য ১০ মার্চ ২০২৫ রোজ সোমবার তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্চেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও কমিশনারগণের সাথে কমিশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের অনুষ্ঠিত সভা প্রসঙ্গে।

রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ এবং বিএসইসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠিত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ বক্তব্য রাখেন। তিনি বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে মাহে রমজানের শুভেচ্ছা জানান। রমজান মাস সংযম ও ত্যাগের শিক্ষা প্রদান করে এবং আল্লাহ তায়ালা যেন রমজানের শিক্ষা সকলকে ধারণ করার তোফিক দান করেন- এ আশাবাদ ব্যক্ত করেন। বিএসইসি'র ইতিহাসের একটি ক্রান্তিলগ্নে আজকের সভায় বিএসইসি'র সকলে একত্রিত হয়েছে বলে উল্লেখ করেন তিনি। বিগত ০৫ মার্চ ২০২৫ তারিখে সংঘটিত ঘটনাকে চরম অনভিপ্রেত এবং কিছু উচ্ছৃঙ্খল কর্মচারীর প্ররোচনায়, ইকানে এবং অংশগ্রহণে তা সংঘটিত হয়েছে বলে এসময় উল্লেখ করেন তিনি। এ ঘটনা প্রশাসনিক শৃঙ্খলা ডঙ্গ এর পাশাপাশি গুরুতর ফৌজদারি অপরাধ বলে মন্তব্য করেন তিনি। উক্ত ঘটনা আমাদের পুঁজিবাজার এর জন্য মারাওক ক্ষতিকর যা দেশে ও বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ করেছে এবং এ ধরণের ন্যাকারজনক ঘটনা সারা পৃথিবীতে কোন রেগুলেটরি সংস্থায় এই প্রথম ঘটনো বলে জানান তিনি। তিনি একে জাতীয় জীবনে চরম দুঃখজনক অধ্যায় বলে উল্লেখ করেন। তবে উক্ত ঘটনায় বিএসইসি'র সকল কর্মকর্তা ও কর্মচারী সম্পৃক্ত নয় এবং অংশগ্রহণকারী অনেকেই স্বতঃস্ফূর্তভাবে তাতে মুক্ত হননি- এমনটাই কমিশন বিশ্বাস করে বলে জানান তিনি। এ বিষয়টি মাথায় রেখেই ভবিষ্যতে প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হবে বলে বক্তব্যে উল্লেখ করেন তিনি। সামগ্রিক ঘটনার ব্যাপারে সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের পাশাপাশি বিভিন্ন এজেন্সি ও অবগত আছে বলে জানান তিনি। এছাড়াও কমিশন কর্তৃক ইতোমধ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপের সাথে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল পক্ষই একাত্মতা প্রকাশ করেছে বলে উল্লেখ করেন তিনি। জাতীয় স্বার্থে একটি গুরুত্বপূর্ণ রেগুলেটরি সংস্থা এভাবে চলতে পারে না উল্লেখ করে তিনি ভবিষ্যতে কর্মকর্তা-কর্মচারীদের পরিপূর্ণ দায়িত্বশীলতা ও শৃঙ্খলার সাথে কাজ করার নির্দেশনা দেন। যারা নিষ্ঠা-সততার সাথে কাজ করে যাচ্ছেন তারা বিএসইসি'র ক্রান্তিলগ্নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে এসময় মন্তব্য করেন তিনি। আগামীতে সকলের সহযোগিতায় বিএসইসি তার কার্যক্রম গতিশীলতার সাথে চালিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্চেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখ্যপত্র

১০/০৩/২০২০

